

ব্যালট প্রশ্ন

ব্যালট প্রশ্ন #1: সরকার পরিচালনার জন্য একটি মূল্যবোধ বিবৃতি যুক্ত করা

এই প্রস্তাবটি নিউইয়র্ক সিটি চার্টারকে (New York City Charter) নিম্নোক্তভাবে সংশোধন করবে:

একটি মুখবন্ধ যোগ করবে, যেটি হবে "সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি ন্যায্য এবং ন্যায্যসঙ্গত শহর" গড়ার মূল্যবোধ এবং দূরকল্পের একটি সূচনা বিবৃতি; এবং

মুখবন্ধে একটি বিবৃতি অন্তর্ভুক্ত থাকবে যেখানে নগর কর্তৃপক্ষকে অবশ্যই "অতীত ও চলমান ক্ষতির প্রতিকার করার জন্য এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য ন্যায্যবিচার ও ন্যায্যতা প্রতিষ্ঠায় আমাদের ভিত্তি, কাঠামো, প্রতিষ্ঠান এবং আইনগুলো পুনর্গঠন, সংশোধন করতে ও নতুন করে ভাবতে হবে।"

মুখবন্ধের উদ্দেশ্য নগর সরকারকে তার দায়িত্ব পালনে সহায়তা করা।

এই প্রস্তাবনাটি কি গৃহীত হবে?

ব্যালট প্রশ্ন #2: একটি জাতিগত সমতা অফিস, পরিকল্পনা এবং কমিশন প্রতিষ্ঠা করা

এই প্রস্তাবনাটি দ্বারা সিটি চার্টারকে (City Charter) সংশোধন

করা হবে যে উদ্দেশ্যে:

প্রতি দুই বছর পরপর শহরব্যাপী এবং এজেন্সি-নির্দিষ্ট জাতিগত সমতা পরিকল্পনারসমূহ প্রনয়ন করা। পরিকল্পনাসমূহের মধ্যে রয়েছে জাতিগত সমতা উন্নত করতে এবং জাতিগত বৈষম্য কমাতে বা দূর করার জন্য কাঙ্ক্ষিত কৌশল ও লক্ষ্য সমূহ;

জাতিগত সমতা অফিস (Office of Racial Equity) প্রতিষ্ঠা করা এবং জাতিগত সমতাকে অগ্রসর করতে এবং শহরের জাতিগত সমতা পরিকল্পনা প্রক্রিয়ার সমন্বয় করতে একজন প্রধান সমতা অফিসার (Chief Equity Officer) নিয়োগ করা। পূর্ববর্তী নীতি বা ক্রিয়াকলাপের কারণে যে সকল মানুষ ও সম্প্রদায়ের উপর নেতিবাচকভাবে প্রভাব পড়েছে তাদের জন্য নগরীর পরিষেবা ও কর্মসূচী উন্নত করতে উক্ত অফিস সিটি এজেন্সিগুলোকে সহায়তা করা এবং সমতা সম্পর্কিত উপাত্ত সংগ্রহ ও এ ব্যাপারে প্রতিবেদন পেশ করা; এবং

সিটির নির্বাচিত কর্মকর্তাদের দ্বারা নিযুক্ত জাতিগত সমতা সংক্রান্ত একটি কমিশন (Commission on Racial Equity) প্রতিষ্ঠা করা। এই কমিশনে নিয়োগ দেয়ার সময়, নির্বাচিত কর্মকর্তাদের এমন প্রার্থীদের বিবেচনা করতে হবে যারা বিভিন্ন সম্প্রদায়ের প্রতিনিধিত্ব করে বা করার অভিপ্রেত আছে। কমিশন জাতিগত সমতা পরিকল্পনা প্রক্রিয়া অবহিত করার জন্য অগ্রাধিকারগুলি চিহ্নিত

করবে এবং প্রস্তাব করবে এবং সংস্থা ও নগরব্যাপী জাতিগত সমতা পরিকল্পনাগুলোকে পর্যালোচনা করবে।

এই প্রস্তাব কি গৃহীত হবে?

ব্যালট প্রশ্ন #3: জীবনযাত্রার প্রকৃত খরচ পরিমাপ করা

এই প্রস্তাবনাটি দ্বারা সিটি চার্টারকে (City Charter) সংশোধিত করা হবে যে উদ্দেশ্যে:

প্রকৃত খরচ নির্ধারণ করার জন্য সিটি কর্তৃপক্ষ নিউ ইয়র্ক সিটিতে প্রয়োজনীয় চাহিদা পূরণের "জীবনের প্রকৃত খরচ" পরিমাপ তৈরি করবে যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে আবাসন, খাদ্য, শিশু যত্ন, পরিবহন, এবং অন্যান্য প্রয়োজনীয় খরচ, এবং সরকারী, ব্যক্তিগত বা অনানুষ্ঠানিক সহায়তা বিবেচনা না করে, যাতে সিটি কর্তৃপক্ষ কর্মসূচিগত এবং নীতিগত সিদ্ধান্তকে অবহিত করতে পারে ; এবং

সিটি সরকারকে "জীবনের প্রকৃত খরচ" পরিমাপের বিষয়ে বার্ষিক রিপোর্ট করতে হবে।

এই প্রস্তাব কি গৃহীত হবে?